



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
আইসিটি অপারেশন বিভাগ।

ফোন : ০২-৯৫৫১১৬৮
০২-৯৫৬০০২১-২৭৯
ই-মেইলঃ dgmictp@krishibank.org.bd

নং-প্রকা/আইসিটি(অপা)-৭(১২) অংশ-৩/২০১৯-২০২০/১২৩

তারিখঃ ২১.০৮.২০১৯

ব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

কুসুমহাটি শাখা

শেরপুর।

বিষয়ঃ অফলাইন লাইভ অপারেশনে উন্নীত শাখার ডাটা ব্যাক-আপ CD/DVD তে না রাখার কারণ ব্যাখ্যাকরণ প্রসঙ্গে।


প্রিয় মহোদয়

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। আপনার শাখাকে অত্র বিভাগের ১১.১১.২০১৮ তারিখের প্রকা/আইসিটি(অপা)-৭(১২) অংশ-৩/২০১৮-২০১৯/৩৮৪ নং স্মারক মূলে ২৭.১১.২০১৮ তারিখে অফলাইন লাইভ অপারেশনের তারিখ ধার্য করে ঋণ আদায়(আইটি) পরিপত্র নং-২/২০১২ তারিখঃ ০১.০৪.২০১২ এর আলোকে গঠিত কমিটি কর্তৃক লাইভ অপারেশনে আনয়ন করত লাইভ সার্টিফিকেট প্রদান করা হয়।
- ০৩। অত্র বিভাগের বিকেবি/প্রকা/আইসিটি(অপা)-৯(বিবিধ)/২০১৯-২০২০/১০৬ তারিখঃ ০৭.০৮.২০১৯ পত্র মোতাবেক অফলাইন লাইভ শাখার Data Backup গ্রহণপূর্বক CD/DVD তে Write করতঃ সংরক্ষণ করার কথা উল্লেখ করার পরও আপনার শাখায় দৈনিক ভিত্তিতে ডাটা ব্যাক-আপ রাখা হয়নি এবং সাপ্তাহিক ভিত্তিতে মুখ্য আঞ্চলিক কার্যালয়ে ও পার্শ্ববর্তী শাখায় প্রেরণ করা হয়নি। এতে ব্যাংকের দৈনিক কার্যক্রম ব্যাহত হচ্ছে এবং ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে।
- ০৪। আপনার শাখার নষ্ট সার্ভারটি মেরামতের জন্য অত্র বিভাগে প্রেরণ করা হলে দেখা যায় যে, আপনার শাখার কোনো ডাটা ব্যাক আপ নাই। সার্ভারটিকে মেরামতের জন্য ভেস্তুর প্রতিষ্ঠানের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। কিন্তু ভেস্তুর প্রতিষ্ঠান সার্ভারটি মেরামত পূর্বক ডাটা উদ্ধার করতে না পারলে ব্যাংকের চরম ক্ষতি হবে। শাখা লাইভ অপারেশনে যাওয়ার (২৭.১১.২০১৮) ব্যাক আপ ডাটা রিস্টোর করলেও ২৭.১১.২০১৮ তারিখ থেকে অদ্যাবধি সকল ভাউচার পোস্টিং দিতে হবে। তাছাড়া অর্ধ-বার্ষিক সমাপনী/২০১৮ ও বার্ষিক হিসাব সমাপনী/২০১৯ নতুন করে করতে হবে। যা একদিকে যেমন সময় সাপেক্ষ ব্যাপার তেমনি অন্যদিকে আর্থিক ক্ষতির কারণও বটে।
- ০৫। এমতাবস্থায়, লাইভ অপারেশনে উন্নীত শাখার কেন Data Backup গ্রহণপূর্বক CD/DVD তে Write করতঃ সংরক্ষণ করার হয়নি তার সুনির্দিষ্ট কারণ ব্যাখ্যা করতঃ আগামী ৩(তিন) কার্যদিবসের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার পরামর্শ দেওয়া হলো। ব্যর্থতায় কর্তৃপক্ষের বরাবর আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত


২১/০৮/১৯

(মোহাম্মদ সালাহুদ্দীন রাজীব)


উপ-মহাব্যবস্থাপক

তারিখঃ ২১-০৮-২০১৯

সূত্র নং-প্রকা/আইসিটি(অপা)-৭(১২) অংশ-৩/২০১৯-২০২০/১২৩(৭)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক(প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
- ৩। উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রকা, ঢাকা। পত্রটি অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, শেরপুর। ঋণ আদায়(আইটি) পরিপত্র নং-১/২০১২ এবং ২/২০১২, তারিখ : ০১.০৪.২০১২ইং মোতাবেক লাইভ অপারেশনে উন্নীত শাখার দৈনিক ডাটা ব্যাক-আপ সাপ্তাহিক ভিত্তিতে আপনার কার্যালয়ে প্রেরণ করার কথা থাকলেও তা প্রেরণ করা হয়নি। এতে তদারকীর অভাব প্রতিফলিত হয়েছে। অবিলম্বে শাখা পরিদর্শনপূর্বক বর্ণিত বিষয়ে আপনার মতামতসহ গৃহীত পদক্ষেপ অত্র বিভাগকে অবহিত করায় জন্য পরামর্শ দেওয়া হলো।
- ৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, শেরপুর।
- ৬। নথি।


২১/০৮/১৯

(সাহা শংকর প্রসাদ)
সহকারী মহাব্যবস্থাপক